

স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.১৯. ৪৪৭

তারিখঃ ১০ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ  
২৪ মার্চ ২০১৯ খ্রিস্টাব্দ

সভাপতি

বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফেকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন (বিজিএমইএ)

বিজিএমইএ কমপ্লেক্স

২৩/১, পান্থপথ লিং রোড

কাওরান বাজার, ঢাকা-১২১৫।

ফোন-০২-৫৫০২৭৯১০-২১।

QF-PRJ-06

**বিষয়ঃ লোড ছাড়পত্র প্রদান।**

সূত্রঃ (১) আবেদন নম্বর নং-১২ (উত্তরা পশ্চিম), এসই (পিএন্ডডি)-১৭১, তাং-২৭/০২/২০১৯ ইং।

(২) স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.১৯.৩২৪, তাং-২০/০২/২০১৯ ইং।

(৩) ২৭/০২/২০১৯ ইং তারিখের পে-অর্ডার নং-১৭৮৪৮০৪ (এক্সিস ব্যাংক লিঃ), টাকা = ২,২৬,০০০/-

বর্ণিত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, 'বিজিএমইএ কমপ্লেক্স', প্লট-৭/৭এ, ব্লক-এইচ ১, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা স্থাপনার জন্য ৪,১২০ কিঃওঃ লোড ছাড়পত্রের আবেদন করেন। এ প্রেক্ষিতে ইতিপূর্বে প্রেরিত পত্র (সূত্র-২) মোতাবেক অবকাঠামো নির্মাণ ব্যয় পরিশোধ পূর্বক অবকাঠামো নির্মাণ (ভূ-গর্ভস্থ ক্যাবল লাইন এবং RMU স্থাপন) সাপেক্ষে ৪,১২০ কিঃওঃ লোড ব্যবহার করবেন। এই শর্ত সাপেক্ষে সাময়িক ভাবে ওভারহেড লাইন থেকে নির্মাণ কাজের স্বার্থে বিদ্যমান ৫০ কিঃওঃ লোডের অতিরিক্ত ২৫০ কিঃওঃ অর্থাৎ সর্বমোট (৫০+২৫০)= ৩০০ (তিনশত) কিঃওঃ লোড ব্যবহারের অনুমোদন প্রদান করা হলো।

**শর্তসমূহঃ**

- ১। ভবিষ্যতে বিদ্যুৎ সংযোগের জন্য আবেদন করা হলে সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে আবেদিত লোড সংকুলান হলে সরকারী নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে আবেদনের ক্রমঅনুসারে নিয়ম মোতাবেক সংযোগের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং কোন নতুন অবকাঠামো নির্মাণের প্রয়োজন হলে তা ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন প্রয়োজ্য হবে।
- ২। বিদ্যুৎ চাহিদা ৫০ কিঃওঃ এর অধিক হওয়ার নিয়মানুযায়ী ১১/০.৪ কেভি উপকেন্দ্র স্থাপন করতে হবে। উহার জন্য ট্রান্সফরমার, সুইচগিয়ার, পিএফআই প্লান্ট, নিজস্ব মিটারিং ইউনিট ইত্যাদি নিজ খরচে স্থাপন করতে হবে।
- ৩। সংযোগ গ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট বিক্রয় ও বিতরণ বিভাগ (উত্তরা পশ্চিম) বরাবর আবেদন করতে হবে।
- ৪। বিদ্যুৎ সংযোগ এর ক্ষেত্রে আন্ডার গ্রাউন্ড ক্যাবল, সুইচ গিয়ার স্থাপন, ওভার হেড লাইন নির্মাণ অথবা কোন বরকম পরিবর্তনের প্রয়োজন হলে উহা ডেসকো'র 'পলিসি গাইড লাইন' অনুযায়ী ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন করতে হবে।
- ৫। সংযোগ গ্রহণের পর ডেসকো নির্ধারিত মিটারিং এর ব্যবস্থায় বিল প্রণয়ন এবং সরবরাহ করা হবে।
- ৬। সংযোগ প্রদানের ক্ষেত্রে বিদ্যুৎ এর 'মূল্য হার ও নিয়মাবলী-৮৯ ও ইহার পরবর্তী সংশোধনী' এবং অন্যান্য অনুমোদিত নীতিমালা প্রযোজ্য হবে।
- ৭। উপকেন্দ্র চালু করার ক্ষেত্রে গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন বিভাগের বৈদ্যুতিক ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর হতে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
- ৮। ইহা ছাড়াও সময়ে সময়ে জারীকৃত অন্যান্য বিধিমালা প্রযোজ্য ক্ষেত্রে অনুসরণ করতে হবে।
- ৯। বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে পর্যাপ্ত লোড সংকুলান না হলে কিংবা অন্য কোন কারণে চাহিত সময়ে সংযোগের বিষয়ে এই পত্র নিশ্চয়তা বিধান করে না।
- ১০। সংযোগ গ্রহণকালীন সময়ে সংশ্লিষ্ট ১১ কেভি ফিডার ও ৩৩ কেভি সোর্সের লোড সংকুলান সাপেক্ষে বর্ণিত পরিমাণ লোডের সংযোগ প্রদান করা হবে।
- ১১। অবকাঠামো নির্মাণ ব্যয় পরিশোধ সাপেক্ষে চাহিদাকৃত পূনর্দি লোডের সংযোগ প্রদান করা হবে।
- ১২। ডিপোজিট স্কীমের আওতায় কাজ সম্পাদন করা হলেও, কাজ সম্পাদনের পর নির্মিত Distribution Facility DESCO'র সম্পদ বলে গন্য হবে এবং উক্ত Facility হতে ভবিষ্যতে অন্য গ্রাহককে সংযোগ প্রদানে প্রয়োজনীয় পরিবর্তনের অধিকার ডেসকো সংরক্ষণ করে।
- ১৩। উক্ত ছাড়পত্র ডিসেম্বর-২০১৯ ইং সাল পর্যন্ত কার্যকর থাকবে।

ডেসকো'র সার্বিক কার্যক্রমে আপনার সহযোগিতা একান্ত কাম্য।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,



২৭/৩/১৯

(প্রকৌঃ মোঃ নজরুল ইসলাম)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি), ডেসকো।

**অনুলিপি (সদয় অবগতির জন্য) :**

- ১। প্রধান প্রকৌশলী (পিএন্ডডি), ডেসকো।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এসএন্ডডি অপারেশন, ওয়েস্ট জোন-১।
- ৩। নির্বাহী প্রকৌশলী, বিওবি বিভাগ (উত্তরা পশ্চিম)।
- ৪। অফিস কপি।